

শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার
বাংলাদেশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
কারিগরি শাখা-০৪
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.tmed.gov.bd



নম্বর: ৫৭.০০.০০০০.০৫৪.৯৯.০০১.২১.৫৩

তারিখ: ৯ ফাল্গুন ১৪২৭

২২ ফেব্রুয়ারি ২০২১

প্রজ্ঞাপন

বাংলাদেশ সরকারি কর্ম কমিশনের নিয়োগ সুপারিশের পরিপ্রেক্ষিতে কারিগরি শিক্ষা অধিদপ্তরাধীন ইঞ্জিনিয়ারিং কলেজের সহকারী প্রোগ্রামারের শূন্যপদে নিম্নবর্ণিত প্রার্থীকে তার নামের পাশে বর্ণিত পদ ও জাতীয় বেতন স্কেল, ২০১৫ অনুযায়ী নির্ধারিত শর্তে অস্থায়ীভাবে নিয়োগ করা হলোঃ

ক্রঃ নং	নাম, পিতার নাম ও মাতার নাম	স্থায়ী ঠিকানা	পদের নাম	বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী)
০১.	তানজিনা আলমগীর পিতাঃ মনিরুদ্দিন মোঃ আলমগীর মাতাঃ জরিনা আকতার	প্রথমে: মনিরুদ্দিন মোঃ আলমগীর ফ্ল্যাট, বাড়ী ও সড়ক নম্বরঃ আবদুল হক সুকানী বাড়ি গ্রামঃ মনসা ডাকঘরঃ মনসা হয়ে শাকপুরা থানা/উপজেলাঃ পটিয়া জেলা: চট্টগ্রাম	সহকারী প্রোগ্রামার (৯ম গ্রেড)	টাকা ২২,০০০ – ৫৩,০৬০/-

শর্তাবলিঃ

- নিয়োগপ্রাপ্ত কর্মকর্তাকে সরকার নির্ধারিত প্রশিক্ষণ প্রতিষ্ঠানে নির্ধারিত মেয়াদে বুনিয়াদি প্রশিক্ষণ গ্রহণ করতে হবে;
- নিয়োগপ্রাপ্ত কর্মকর্তাকে ০২ (দুই) বছরকাল শিক্ষানবিস হিসেবে কাজ করতে হবে। শিক্ষানবিসকালে যদি তিনি কর্তৃপক্ষের বিবেচনায় চাকরিতে বহাল থাকার অনুপযোগী বিবেচিত হন, তবে কোন কারণ দর্শানো ছাড়াই এবং সরকারি কর্ম কমিশনের সঙ্গে পরামর্শ ব্যতিরেকে তাকে চাকরি হতে অপসারণ করা হবে;
- উপানুচ্ছেদ (ক) ও (খ)- এ বর্ণিত শর্তাবলি পূরণ সাপেক্ষে তাকে চাকরিতে স্থায়ী করা হবে;
- নিয়োগপ্রাপ্ত শিক্ষককে চাকরিতে যোগদানকালে একজন উপযুক্ত জামানতদারসহ ৩০০/- (তিন শত) টাকা মূল্যের নন-জুডিশিয়াল স্ট্যাম্প এ মর্মে একটি বন্ড সম্পাদন করতে হবে যে যদি শিক্ষনবিসকালে অথবা শিক্ষানবিসকাল উত্তীর্ণ হওয়ার ০৩ (তিন) বছরের মধ্যে চাকরিতে ইস্তফা দেন, তবে প্রশিক্ষণকালে তাকে প্রদত্ত বেতন-ভাতা, প্রশিক্ষণ উপলক্ষে উত্তোলিত অগ্রিম/ভ্রমণভাতা/ অন্যান্য ভাতাদি ও প্রশিক্ষণের জন্য ব্যয়িত সমুদয় অর্থ ফেরত দিতে বাধ্য থাকবেন। তাছাড়া বন্ডে নিজের বা পরিবারের অন্যান্য সদস্যদের জন্য কোন যৌতুক নিবেন না কিংবা দিবেন না মর্মে উল্লেখ করতে হবে;
- সরকারের পাওনা পরিশোধ ব্যতিরেকে চাকরিতে ইস্তফা প্রদানের ক্ষেত্রে পাবলিক ডিম্যান্ড রিকভারী অ্যাক্ট, ১৯১৩ এর বিধান অনুসারে সমুদয় পাওনা আদায়যোগ্য হবে এবং সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল)

বিধিমালা ২০১৮ অনুযায়ী শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে;

(চ) বাংলাদেশ পাবলিক সার্ভিস কমিশনের নিয়োগ পরীক্ষার ফলাফলের ভিত্তিতে এবং প্রচলিত সরকারি বিধি-বিধান অনুযায়ী জ্যেষ্ঠতা নির্ধারিত হবে;

(ছ) যদি কেউ সরকারের অনুমোদন ব্যতিরেকে কোন বিদেশি নাগরিককে বিবাহ করে থাকেন অথবা বিবাহ করার জন্য অঞ্জীকারাবদ্ধ হয়ে থাকেন তবে এ নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে;

(জ) **The Government Servants (Conduct) Rules, 1979** এর ১৩(১) উপ-বিধি অনুযায়ী সকল স্থাবর-অস্থাবর সম্পত্তির বিবরণ সংবলিত একটি ঘোষণাপত্র প্রার্থীকে চাকরিতে যোগদানের সময় সংশ্লিষ্ট নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের নিকট জমা দিতে হবে;

(ঝ) চাকরিতে যোগদানের জন্য কোন প্রকার ভ্রমণ/দৈনিক ভাতা প্রাপ্য হবেন না;

(ঞ) এ প্রজ্ঞাপনে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি, এরূপ ক্ষেত্রে চাকরি সংক্রান্ত কোন বিষয় সরকারের প্রচলিত আইন, বিধি-বিধান, প্রজ্ঞাপন, আদেশ, ইত্যাদি দ্বারা নিয়ন্ত্রিত হবে;

০২। বর্ণিত শর্তাবলি গ্রহণযোগ্য বিবেচিত হলে আগামী ১১/০৩/ ২০২১ তারিখের মধ্যে মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা-১২০৭ বরাবর যোগদান করতে অনুরোধ করা হলো। নির্ধারিত তারিখে চাকরিতে যোগদান করতে অসমর্থ/ব্যর্থ হলে তিনি চাকরিতে যোগদান করতে সম্মত নন মর্মে বিবেচিত হবে। এ ক্ষেত্রে তার নিয়োগপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।

০৩। জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,



২২-২-২০২১

তৌহিদুজ্জামান পাভেল

সিনিয়র সহকারী সচিব

ফোন: ৯৫৬৯৭২৬

ফ্যাক্স: ৯৫৮৪৪৬৬

ইমেইল: sastec1@tmed.gov.bd

নম্বর: ৫৭.০০.০০০০.০৫৪.৯৯.০০১.২১.৫৩/১(১৪)

তারিখ: ৯ ফাল্গুন ১৪২৭

২২ ফেব্রুয়ারি ২০২১

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১) সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২) সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৩) সচিব, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, ঢাকা।

৪) অতিরিক্ত সচিব (কারিগরি-১ অনুবিভাগ/কারিগরি-১ অধিশাখা), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।

৫) মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।

- ৬) যুগ্মসচিব (কারিগরি-২ অধিশাখা), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৭) পরীক্ষা নিয়ন্ত্রক (নন-ক্যাডার), বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, ঢাকা।
- ৮) মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৯) মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ১০) সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ১১) প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫, পুরানা পল্টন, ঢাকা।
- ১২) উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস তেজগাঁও, ঢাকা (প্রজ্ঞাপনটি গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের অনুরোধসহ)।
- ১৩) সিস্টেম এনালিস্ট, আইসিটি শাখা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ১৪) জনাব.....।